গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭১.২৭.০১৮.১৫-৫০৭

তারিখঃ ০৫ ভাদ্র ১৪৩০ / ২০ আগস্ট ২০২৩

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৬৯২১/২০২৩ এর ১৯/০৬/২০২৩ তারিখের রুল ও আরজির প্রেক্ষিতে দফাওয়ারি জনাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর সিটি কর্পোরেশনের ১৫নং সাধারণ ওয়ার্ড কাউন্সিলরকে সাময়িক বরখাস্ত সংক্রান্ত গত ১৫/০৫/২০২৩ তারিখের ২৬৩ নং প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে জনাব মোঃ জাকারিয়া আলম, পিতা মৃত-এ. কে. এম আজিজুল ইসলাম, গ্রাম-বিনুদপুর, রংপুর সদর, রংপুর কর্তৃক এ বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং উপসচিব (সিটি কর্পোরেশন-২) কে ২নং বিবাদীসহ মোট ৬ (ছয়) জনকে প্রতিপক্ষ করে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৯২১/২০২৩ দায়ের করা হয়। মাননীয় আদালত শুনানী অন্তে গত ১৯/০৬/২০২৩ তারিখে নিম্নোক্ত আদেশ দিয়েছেনঃ

"…Pending disposal of the Rule, let the operation of the Memo No. 46.00.0000.071.018.2015-263 dated 15.05.2023 be Stayed for a period of 03(three) months from date----"

০২। পরবর্তীতে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৯২১/২০২৩ এর মাননীয় আদালতের আদেশের বিষয়ে মাননীয় সুপ্রিম কোর্টের Appellate Division কর্তৃক নিম্নবর্নিত আদেশ প্রদান করা হয়ঃ

"অত্র দরখাস্তটি শুনানীর জন্য আগামী ২৮/০৮/২০২৩ ইং তারিখে আদালতের কার্যতালিকায় অন্তর্ভুক্ত করা হোক এবং সেই সময়কাল পর্যন্ত তর্কিত আদেশটির কার্যকারিতা স্থগিত থাকবে''

০৩। এমতাবস্থায়, বর্ণিত মামলা সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্রসহ ঘটনার প্রকৃত বিবরণী ও দফাওয়ারি জবাব আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

২০/৮/২০২৩

(মাহবুবা আইরিন)
উপসচিব
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।